

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫০৪

আগরতলা, ২৪ জুন, ২০২৪

মধ্য ইরানী অঙ্গনওয়াড়ি কেন্দ্রে স্বাস্থ্য শিবির

উনকোটি জেলার ইরানী আয়ুস্মান আরোগ্য মন্দিরের অন্তর্গত মধ্য ইরানী অঙ্গনওয়াড়ি কেন্দ্রে সম্প্রতি স্বাস্থ্য শিবির ও ম্যালেরিয়া স্ক্রিনিং অনুষ্ঠিত হয়। শিবিরে ২৫ জন এলাকাবাসী চিকিৎসা পরিষেবার সুযোগ গ্রহণ করেন। তাদের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষধও দেওয়া হয়। শিবিরে ৬ জনের ব্লাড স্লাইড সংগ্রহ ও আরডি কিটে রক্ত পরীক্ষা করা হয়েছে। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
